# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**28 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) স্নাতক পর্যায়ের তৃতীয় শ্রেণীর এবং মাধ্যমিক উত্তীর্ণ চালক পদের প্রার্থীদের জন্য আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষায় আগামীকাল সমগ্র রাজ্যে সাত লক্ষাধিক পরীক্ষার্থী অবতীর্ণ/ পরীক্ষার পরিপ্রেক্ষিতে রাজ্যজুড়ে ইন্টারনেট সেবা বাতিল/

(২) এই পরীক্ষার পরিপ্রেক্ষিতে বরাক উপত্যকার তিন জেলায় ব্যাপক ব্যবস্থা গ্রহণ/

(৩) কেন্দ্রীয় সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেণ রিজিজুর কটন বিশ্ববিদ্যালয়ে আয়োজিত তৃতীয় ভারত-জাপান শিক্ষা সম্মেলনে অংশগ্রহণ/

(৪) আজ বিশ্ব জলাতঙ্ক দিবস/ রাজ্যের বিভিন্ন প্রান্তে সচেতনতা কার্যসূচী গ্রহণ/

এবং

(৫) আগামীকাল ১১৪ তম 'মন কী বাত' অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর জনসাধারণের সঙ্গে মতবিনিময়/

----------------------------------------------------------------------------

স্নাতক পর্যায়ের তৃতীয় শ্রেণী এবং দশম শ্রেণী উত্তীর্ণ প্রার্থীদের চালক পদের জন্য আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা এ ডি আর ই আগামীকাল অনুষ্ঠিত হবে ।মোট ৭ লক্ষ ৩৪ হাজার ৮০ জন পরীক্ষার্থী পরীক্ষায় অবতীর্ণ হবে ।আগামীকাল সকাল ৯ টা থেকে

বেলা ১২ টা পর্যন্ত স্নাতক পর্যায়ের তৃতীয় শ্রেণীর এবং বেলা দেড়টা থেকে বিকেল সাড়ে চারটে পর্যন্ত চালক পদের পরীক্ষা অনুষ্ঠিত হবে ।তৃতীয় শ্রেণীর মোট ৪ হাজার ৫৫ টি পদের জন্য ৫ লক্ষ ২৯ হাজার ৯৮৯ জন প্রার্থী এবং মোট ৮১৮ টি চালক পদের জন্য ২ লক্ষ ৪ হাজার ৯৯১ জন প্রার্থী পরীক্ষায় অবতীর্ণ হবে ।রাজ্য সরকার এই পরীক্ষা স্বচ্ছ এবং সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করার জন্য তথা পরীক্ষার সময় অসাধু উপায় অবলম্বন করা প্রতিরোধ করার জন্য পরীক্ষা চলাকালীন সমগ্র রাজ্যে সকাল সাড়ে আট টা থেকে বিকেল সাড়ে চারটে পর্যন্ত মোবাইল ইন্টারনেট বা মোবাইল ডাটা সংযোগ ব্যহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে ।এদিকে নিযুক্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাজ্য পর্যায়ের নিযুক্তি কমিশন যাবতীয় নীতি নির্দেশ জারি করেছে ।এই নির্দেশ অনুযায়ি পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় পুলিশ বা কর্ত্তব্যরত ব্যক্তিদের দ্বারা প্রার্থীদেরকে মেটেল ডিটেক্টর সহ হাত দিয়ে স্বাভাবিক তল্লাশি চালানো হবে ।এই ক্ষেত্রে তল্লাশি চালানোর সময় কোন প্রার্থী যদি অসুবিধার সম্মুখীন হয় তবে সংশ্লিষ্ট প্রার্থী তাৎক্ষণিকভাবে পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত  আধিকারীককে এই বিষয়ে অবগত করাতে পারবে ।প্রবেশপত্র, বৈধ পরিচয়পত্র ছাড়া কোন প্রার্থীকে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবেনা ।প্রার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রে প্রদান করা ওএম আর শিটে উত্তর করার পূর্বে রোল নম্বর সঠিকভাবে যাচাই করে নিতে বলা হয়েছে ।পরীক্ষা শেষ হওয়ার পর প্রার্থীরা প্রশ্নপত্র সঙ্গে নিয়ে যেতে পারবে ।

-----------------------------------------------------------------------------------

বরাক উপত্যাকার তিন জেলায় ও আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা এ ডি আর ই সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ব্যাপক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।তিন জেলার মধ্যে কাছাড় ও করিমগঞ্জ জেলার মূলত শহরাঞ্চলে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে । হাইলাকান্দি জেলার প্রার্থীরা শিলচরের পরীক্ষাকেন্দ্রগুলোতে পরীক্ষা দিতে পারবে ।এদিকে কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব জেলার ২৯ টি পরীক্ষা কেন্দ্রের তত্বাবধায়ক আধিকারীক এবং পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত আধিকারীকদের সঙ্গে গতকাল এক বৈঠকে মিলিত হয়ে পরীক্ষা পরিচালনা করার জন্য  নির্দেশ জারি করেন ।জেলা আয়ুক্ত এই নির্দেশ কঠোরভাবে মেনে চলার ওপর জোড় দেন ।ত্রুটিমুক্ত পরীক্ষা প্রক্রিয়া সুনিশ্চিত করার জন্য সর্ব্বোচ্চ সতর্কতা ও সমন্বয় বজায় রাখার জন্য তিনি কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান ।জেলা আয়ুক্ত শ্রী যাদব জেলাস্তরের বৈঠকের পর রাজ্যের মুখ্য সচিবের সঙ্গে ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে এক বৈঠকে মিলিত হন ।বৈঠকে গৃহ ও রাজনৈতিক বিভাগের অতিরিক্ত মুখ্য সচিব , বিশেষ ডিজিপি ( হেডকোয়ার্টার এনড বর্ডার ) , সেবার অধ্যক্ষ সহ শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---

আগামীকাল অনুষ্ঠেয় আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষায় যোগ দিতে শিলচরে আসা হাইলাকান্দি জেলার প্রার্থীদের জন্য ট্রেন এবং ট্রেভেলার বাসের ব্যবস্থা করা হয়েছে ।জেলার মোট ৫ হাজার ৩২৭ জন প্রার্থী আগামীকালের পরীক্ষায় অবতীর্ণ হবে ।জেলা প্রশাসনের উদ্যোগে ট্রেনটি আগামীকাল ভোর ৪ টেয় জামিরা রেলষ্টেশন থেকে যাত্রা করে ট্রেনটি সকাল ৫ টা তিন মিনিটে হাইলাকান্দি রেলষ্টেশনে পৌঁছে পরে সকাল সাতটা ১০ মিনিটে শিলচরে পৌঁছবে ।ট্রেনটি বিকেল সাড়ে তিনটেয় শিলচর থেকে হাইলাকান্দির উদ্দেশ্যে ফিরবে ।উল্লেখ্য আগে এই ট্রেনটি হাইলাকান্দি রেলষ্টেশন থেকে যাত্রা করার কথা ছিল ।এছাড়া হাইলাকান্দি জেলার চারটি বাসষ্ট্যান্ড থেকে পাঁচ মিনিট অন্তর অন্তর বাস শিলচরের উদ্দেশ্যে যাত্রা করবে ।হাইলাকান্দি শহরের কলেজরোড বাসষ্ট্যান্ড থেকে ভোর ৫ টা থেকে ৩৫ টি ট্রেভেলার বাস চালানো হবে ।গাছতলা বাসষ্ট্যান্ড থেকে ২০ টি ট্রেভেলার বাস , লালাবাজার বাসষ্ট্যান্ড থেকে ১৫ টি ক্র্যুজার ,এছাড়া ঘাড়মোরা থেকে ১৫ টি ট্রেভেলার বাস চালানো হবে ।প্রশাসনের পক্ষ থেকে পরীক্ষার্থীদের নিজেদেরকে যাত্রী ও ট্রেনভাড়া দিয়ে এই বিশেষ বাহনগুলির সুযোগ গ্রহণ করতে বলা হয়েছে ।

---

করিমগঞ্জ জেলায় আগামীকাল অনুষ্ঠেয় আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য জেলা প্রশাসনের পক্ষ থেকে প্রার্থীদের অবগতির জন্য বেশ কিছু নিয়মাবলী ও জরুরী তথ্য জানানো হয়েছে ।এই তথ্য অনুযায়ী প্রার্থীদের পরীক্ষাকেন্দ্রের ভেতরে মোবাইল ফোন বন্ধ অথবা চালু অবস্থায় নিয়ে যাওয়া যাবেনা এছাড়া যেকোন ধরণের ইলেক্ট্রনিক যন্ত্র , স্টোরেজ মিডিয়া ডিভাইস স্মার্ট ঘড়ি , ডিজিটেল ঘড়ী ,হেলথ বেল্ড ,ক্যালকুলেটর ,প্যানড্রাইভ কোন ধরণের চিরকূট ইত্যাদি পরীক্ষা কেন্দ্রে নিয়ে যাওয়া সম্পূর্ণ নিষিদ্ধ ।নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে নির্দেশে জানানো হয়েছে ।

এদিকে করিমগঞ্জের চক্র আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- আগামী কাল পরীক্ষা কেন্দ্রগুলিতে প্রার্থীদের নির্বিঘ্নে আসা-যাওয়া সুনিশ্চিত করতে পরীক্ষা কেন্দ্রের পার্শ্ববর্তী জনবহুল বাজারগুলি বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে । বিজ্ঞপ্তিতে আগামীকাল সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্য্যন্ত করিমগঞ্জ শহরের সন্তর বাজার সংলগ্ন জাতীয় সড়কের পাশের সেতুর উপরের বাজার , স্টেশন রোড , করিমগঞ্জ কলেজের পাশের অস্থায়ী বাজার বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

---

কেন্দ্রীয় সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেণ রিজিজু আজ গুয়াহাটির কটন বিশ্ববিদ্যালয়ে আয়োজিত তৃতীয় ভারত-জাপান শিক্ষা সম্মেলনে অংশগ্রহণ করেছেন । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে শ্রী রিজিজু বলেন যে- প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত জাপানের সঙ্গে সম্পর্ক ত্বরান্বিত করতে সমর্থ হয়েছে । পারস্পরিক এই সম্পর্ক তৈরির ক্ষেত্রে শিক্ষা একটি মূল চালিক শাক্তি বলে কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেন । শিক্ষা, বাণিজ্য এবং সাংস্কৃতিক ক্ষেত্রে এই মিত্রতাই সর্বসাধারণের জীবনে এসে স্পর্শ করে বলে উল্লেখ করে তিনি বলেন যে- উত্তর-পূর্ব ভারতের শিক্ষার্থীদেরকে উভয় দেশের মধ্যে অংশীদারী শিক্ষা ব্যবস্থার সুবিধা নেওয়া উচিত । ভারত ও জাপানের শিক্ষা সংক্রান্ত অংশীদারীত্বই যৌথ গবেষণার পাশাপাশি উদ্ভাবনীর সুযোগ সমূহের বিকাশের ক্ষেত্রে সহায়তা করবে বলে শ্রী রিজিজু আশা প্রকাশ করেন । ভারত-জাপান বাণিজ্যিক পর্ষদ ও বিবেকানন্দ কেন্দ্র সাংস্কৃতিক প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগে আয়োজিত এই সম্মেলনে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু সহ বেশকয়েকজন বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

আজ বিশ্ব জলাতঙ্ক দিবস । প্রতিষেধকবিহীন কুকুর বা অন্যান্য জীব জন্তু কামরের ফলে দেখা দেওয়া এই রোগ সম্পর্কে বিশ্বজুড়ে সচেতনতা সৃষ্টির জন্য এই দিবস পালন করা হয় । এবার এই দিবসের মূল বিষয় হলো ব্রেকিং রেবিস বাউন্ডারিস অর্তাৎ জলাতঙ্ক রোগের সচেতনতার ক্ষেত্রে সীমা অতিক্রম করা । সমীক্ষা অনুসারে প্রতি বছর সমগ্র বিশ্বে এই রোগে ৫৯ হাজার লোকের মৃত্যু হয় । বিশ্ব স্বাস্থ্য সংস্থার দ্বারা স্বীকৃত  জি এ আর সি নামের সংস্থার উদ্যোগে ২০০৭ সালে আজকের দিনটিতে প্রথম জলাতঙ্ক দিবস পালন করা হয় । জলাতঙ্ক রোগের প্রথম প্রতিষেধক আবিষ্কার করা ফরাসী বিজ্ঞানী লুই পাস্তুরের প্রতি শ্রদ্ধা জানিয়ে এই দিবস পালন করা আরম্ভ হয়েছিলো । জলাতঙ্ক রোগের ফলে মৃত্যু রোধ করা সহ পালিত জীব-জন্তুর টীকাকরণ এবং পথে ঘোরা ফেরা করা  অন্য জীব জন্তু রোগাক্রান্ত হলে সেইসব জীবজন্তু যাতে মানুষ বা অন্যান্য জীব জন্তুকে আক্রমণ করতে না পারে তার জন্য ব্যাবস্থা গ্রহণ এবং চিকিৎসা ব্যাবস্থা করার লক্ষ্যে এই দিবসে সচেতনতা সৃষ্টি করা হয় । আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে বিশ্ব জলাতঙ্ক দিবসের কার্যসূচী গ্রহণ করা হয় ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি  জেলার পশুপালন বিভাগের উদ্যোগে আজ বিশ্ব জলাতঙ্ক দিবস উপলক্ষ্যে গৃহপালিত কুকুর এবং পথকুকুরকে বিনামূল্যে জলাতঙ্কের টীকা প্রদান করা হয় । পশুপালন বিভাগের জেলা আধিকারিকের কার্যালয়ে সকাল ৯ টা থেকে এই টীকা প্রদান

কার্যসূচী আরম্ভ হয় । এরপর জলাতঙ্ক রোগের বিষয়ে এক আলোচনা সভাও অনুষ্ঠিত হয় । এদিকে হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন ডিসপেন্সারি এবং গ্রামেও জলাতঙ্কের টীকা প্রদানের ব্যাবস্থা করা হয় বলে আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় করবেন । এটি হবে এই অনুষ্ঠানের ১১৪ তম পর্ব তথা প্রধানমন্ত্রী মোদীর তৃতীয়বারের জন্য কার্যভার গ্রহণ করার পর চতুর্থ পর্ব ।

আকাশবানী ও দূরদর্শনের সমগ্র নেটওয়র্ক সহ আকাশবাণীর ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল এ্যাপের মাধ্যমে আগামীকাল সকাল ১১ টায় এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবাণী, দূরদর্শন নিউজ , প্রধানমন্ত্রী কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ইউটিউব চ্যানেলের মাধ্যমেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবাণীতে মন কী বাত প্রচারের অব্যবহিত পরেই অনুষ্ঠানটির আঞ্চলিক ভাষায় রূপান্তর প্রচার করা হবে ।

---------------------------------------------------------------------------------------------

ভারতীয় রেল বিভাগ দূর্গাপূজা ,দীপাবলী ও ছট পূজার জন্য আগামী পয়লা অক্টোবর থেকে ৩০ শে নভেম্বর পর্যন্ত ছয় হাজারেরও অধিক বিশেষ ট্রেন চলাচলের ব্যাবস্থা করেছে । উল্লেখ্য প্রতি বছর রেল বিভাগ অতিরিক্ত যাত্রীর সুবিধার প্রতি লক্ষ্য রেখে উৎসবের সময়ে বিশেষ ট্রেন চলাচলের ব্যাবস্থা করে আসছে ।গত বছরের তুলনায় এবছর বিশেষ ট্রেনের সংখ্যা বৃদ্ধি পেয়েছে । গত বছর এই সময়ে ৪ হাজার ৪২৯ টি বিশেষ ট্রেন চলাচল করেছিলো ।

বিশেষ ট্রেন ছাড়াও ১০৮ টি ট্রেনে অতিরিক্ত সাধারণ শ্রেণীর কামরা সংযোজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

আসাম সরকার কৃষকদেরকে তাদের শস্য জমা করার সুবিধা প্রদান সহ আর্থিক সাহায্য প্রদানের জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে । ওয়েব হাউস রিসিপ্ট ফাইনান্সিং শীর্ষক এই ব্যবস্থার মাধ্যমে কৃষকরা দুধরণের সুবিধা লাভ করবে । কৃষকদের কৃষির উৎপাদিত সামগ্রী সমূহের সঠিক সংরক্ষণ এবং সংরক্ষিত সামগ্রীর মূল্যের উপর ভিত্তি করে ঋণ প্রদান করা হবে । ইতিমধ্যে কৃষকদেরকে এই প্রকল্পের আওতায় বারো লক্ষ ৬০ হাজার টাকার ঋণ প্রদান করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা

জানিয়েছেন । এর সাহায্যে কৃষকরা শস্য জমা করার জন্য আধুনিক গুদামঘর লাভ করবে এবং কৃষকদের উৎপাদিত সামগ্রীর জন্য উন্নত বাজারের সুযোগ থাকবে যাতে করে তাদের পণ্য সময়মতো বিক্রি করার ক্ষেত্রে সহায়ক হয় ।

-----------------------------------------------------------------------------------

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা কমনওয়েল্থ সংসদীয় সংস্থার ভারতীয় অঞ্চল জোন-তিন'এর একবিংশতিতম সম্মেলনে অংশগ্রহণ করার উদ্দেশ্যে মিজোরাম সফরে গতকাল আইজল এসে আজ স্বচ্ছতা অভিযানের শ্রমদান করেছেন । 'ভোক্যাল ফর লোক্যাল' এই ধ্বজাবাহী কর্মসূচীকে উৎসাহিত করার উদ্দেশ্যে আজ তিনি আইজলের বড় বাজার এলাকায় গিয়ে বাঁশের টুপি সহ অন্যান্য স্থানীয় সামগ্রী ক্রয় করেছেন । তিনি আইজলের সংলগ্ন এলাকার জনসাধারণ, ব্যবসায়ী সহ অন্যান্যদের কথাবার্তা বলে তাদের এলাকার উন্নয়নের বিষয়ে খোঁজখবর নেন।

-----------------------------------------------------------------------------------

ক্লেভারহাউস ফুটবল প্রতিযোগীতার প্রথম রাউন্ডের তৃতীয় খেলায় আজ সোনাই ওয়াঙ্গার এফ সি দল বিজয়ী হয়েছে । পানিভরা এল পি স্কুলের খেলার মাঠে অনুষ্ঠিত আজকের খেলায় সোনাই ওয়াঙ্গার এফ সি দল ৩-০ গোলের ব্যাবধানে শিবশক্তি ক্লাবকে পরাজিত করে প্রতিযোগীতার দ্বিতীয় রাউন্ডে উঠেছে । সোনাই ওয়াঙ্গার এফ সি দলের খেলোয়াড় সানাথৈ ম্যান অব দ্য ম্যাচ হিসেবে নির্বাচিত হন ।

-----------------------------------------------------------------------------------